গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১ শাখা)

নথি নং-০৯(১২০)বোর্ড প্রশাসন-১/২০১৩/৬০৭

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

## আদেশ

যেহেতু, জনাব মাসুদ রানা, ডাটা এন্ট্রি অপারেটর (সাময়িক বরখাস্ত), বোর্ড প্রশাসন-১, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে e-TIN System-এ অবৈধভাবে অনুপ্রবেশের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ), (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হওয়ায় উক্ত বিধিমালার বিধি-১২ অনুযায়ী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং একই বিধিমালার বিধি ৩(খ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ" এবং "দুর্নীতির" দায়ে অভিযোগ গঠনপূর্বক বিভাগীয় মামলা নং-০৪/২০১৯ রুজু করতঃ কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

০২। যেহেতু, জনাব মাসুদ রানা কারণ দর্শানো নোটিশের জবাবে শুনানী প্রার্থনা করেন এবং ব্যক্তিগত শুনানীতে শাস্তি প্রদানের বিপক্ষে কোনো গ্রহণযোগ্য যুক্তি প্রদর্শন করতে পারেননি।

০৩। যেহেতু তদন্তকারী কর্মকর্তা জনাব মাসুদ রানা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও দুর্নীতির' অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

০৪। যেহেতু তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(৯) অনুযায়ী জনাব মাসুদ রানাকে দোষী সাব্যস্ত করত: কেন তাঁকে চাকুরী হতে অপসারণ করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

০৫। যেহেতু জনাব মাসুদ রানা উক্ত ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি।

০৬। সেহেতু, জনাব মাসুদ রানা, ডাটা এন্ট্রি অপারেটর (সাময়িক বরখাস্ত) কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক ০৬/১২/২০২০ খ্রিঃ তারিখ থেকে চাকুরী হতে অপসারণ (Removal from Service) করা হলো।

০৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

06-12-2020

( মোঃ গাউছুল আজম)
উপসচিব
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)

জনাব মাসুদ রানা,
ডাটা এন্ট্রি অপারেটর (সাময়িক বরখাস্ত),
বোর্ড প্রশাসন-১ শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ আরজী অনন্তপুর, ডাকঘরঃচাঁদপুর,
থানাঃ পাঁচবিবি, জেলাঃ জয়পুরহাট।

নথি নং-০৯(১২০)বোর্ড প্রশাসন-১/২০১৩/ ৮০৯(২) তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।
০৩। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৬। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৭। দ্বিতীয় সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৬-১২-২০২০
( মোঃ গাউছুল আজম )
উপসচিব
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)